তারিখ: 24 APR 2017
পৃষ্ঠা: ৩ কলাম: ২

দৈনিক
আমাদের সময়

# জাতীয়করণ হচ্ছে আরও ৪২ স্কুল

এম এইচ রবিন ●

নতুন করে আরও ৪২টি মাধ্যমিক স্কুল জাতীয়করণ চূড়ান্ত পর্যায়ে রয়েছে। এ বিষয়ে অর্থ মন্ত্রণালয়ের সম্মতিও পেয়েছে শিক্ষা মন্ত্রণালয়। এসব স্কুল জাতীয়করণ হলে বছরে সরকারের অতিরিক্ত খরচ হবে প্রায় ৩৩ কোটি টাকা। এদিকে ২০১৬-১৭ অর্থবছরে আর কোনো মাধ্যমিক বা উচ্চ মাধ্যমিক শিক্ষা প্রতিষ্ঠান জাতীয়করণ করা হবে না বলে জানিয়েছে অর্থ মন্ত্রণালয়।

সূত্র জানায়, গত ২১ মার্চ শিক্ষা মন্ত্রণালয়কে দেওয়া এক চিঠিতে ৪২টি স্কুলের জাতীয়করণে অনাপত্তিজ্ঞাপন করে অর্থ মন্ত্রণালয়। শর্ত থাকে যে, জাতীয়করণের জন্য শিক্ষা প্রতিষ্ঠানের নাম নির্বাচন প্রধানমন্ত্রীর অনুমোদন অনুযায়ী করতে হবে। জাতীয়করণের আদেশ জারির পর অর্থ বিভাগকে অবহিত করতে হবে।

৪২টি স্কুল হলো সুনামগঞ্জের জামালগঞ্জ উপজেলার জামালগঞ্জ মডেল উচ্চ বিদ্যালয়, ধর্মপাশার বাদশাহগঞ্জ পাবলিক উচ্চ বিদ্যালয়। ফরিদপুরে চরভদ্রাসন পাইলট উচ্চ বিদ্যালয়। খুলনার দিঘলিয়ায় সেনহাটি মাধ্যমিক বিদ্যালয়। গাইবান্ধার ফুলছড়ি পাইলট উচ্চ বিদ্যালয়, পলাশবাড়ী এসএস মডেল পাইলট উচ্চ বিদ্যালয় ও গোবিন্দগঞ্জ বহুমুখী উচ্চ বিদ্যালয়। খাগড়াছড়ির মহালছড়ি উচ্চ বিদ্যালয়, পানছড়ি মডেল উচ্চ বিদ্যালয়, লক্ষ্মীছড়ি মডেল উচ্চ বিদ্যালয় ও মাটিরাংগা মডেল উচ্চ বিদ্যালয়। সাতক্ষীরা শ্যামনগরে নাকিপুর এইচএসসি পাইলট মডেল মাধ্যমিক বিদ্যালয় ও কালিগঞ্জ পাইলট মডেল মাধ্যমিক বিদ্যালয়। রাঙ্গামাটির কাউখালীর পোয়াপাড়া মডেল উচ্চ বিদ্যালয় ও বিলাইছড়ি উচ্চ বিদ্যালয়। নেত্রকোনার বারহাট্টা সিকেপি পাইলট উচ্চ বিদ্যালয়, পূর্বধলা জেএম পাইলট মডেল মাধ্যমিক বিদ্যালয় ও কলমাকান্দা পাইলট উচ্চ বিদ্যালয়। চাঁপাইনবাবগঞ্জের ভোলাহাটের বড়গাছী উচ্চ বিদ্যালয় ও নাচোল খম বালিকা উচ্চ বিদ্যালয়। চাঁদপুরের মতলব উত্তরের ছেংগারচর মডেল উচ্চ বিদ্যালয় ও মতলব দক্ষিণের মতলব জেবি পাইলট উচ্চ বিদ্যালয়। কক্সবাজারের রামু খিজারী আদর্শ উচ্চ বিদ্যালয়। চট্টগ্রামের হাটহাজারী পার্বতী উচ্চ বিদ্যালয়, মীরসরাই মডেল উচ্চ বিদ্যালয় ও বাঁশখালী বালিকা উচ্চ

এরপর পৃষ্ঠা ৯ কলাম ৩

## জাতীয়করণ হচ্ছে

(৩ এর পৃষ্ঠার পর) বিদ্যালয়। ফেনীর দাগনভূঞার আতাতুর্ক মডেল উচ্চ বিদ্যালয়, সোনগাজী মো. ছাবের পাইলট উচ্চ বিদ্যালয়, ছাগলনাইয়া পাইলট উচ্চ বিদ্যালয় ও ফুলগাজী পাইলট হাই স্কুল। কুমিল্লার দেবিদ্বার রেয়াজ উদ্দিন পাইলট মডেল উচ্চ বিদ্যালয়। সিরাজগঞ্জের রায়গঞ্জের বেগনাই বেঘুরী মাধ্যমিক বিদ্যালয়। বগুড়ার নন্দিগ্রামের নন্দিগ্রাম মডেল পাইলট উচ্চ বিদ্যালয়। কুড়িগ্রামের রাজিবপুর মডেল পাইলট উচ্চ বিদ্যালয়। লালমনিরহাটের হাতিবান্ধা এসএস মডেল হাইস্কুল। পঞ্চগড়ের অটোয়ারী পাইলট বালিকা উচ্চ বিদ্যালয়। নীলফামারীর সৈয়দপুরের তুলশীরাম মডেল বালিকা উচ্চ বিদ্যালয়। দিনাজপুরের নবাবগঞ্জের নবাবগঞ্জ বহুমুখী পাইলট উচ্চ বিদ্যালয়। যশোরের অভয়নগরের নওয়াপাড়া শংকরপাশা মাধ্যমিক বিদ্যালয় এবং নারায়ণগঞ্জের সোনারগাঁও উপজেলার মোগরাপাড়া এইচজিজিএস স্মৃতি বিদ্যায়তন।

ব্যানবেইস
পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং...............................
তারিখ.....................................

| | |
|---|---|
| চীফ. পরিসংখ্যান বিভাগ | |
| চীফ. ডি.এল.পি বিভাগ | |
| সিস্টেম এনালিষ্ট | |
| সিস্টেম ম্যানেজার | |
| প্রশাসনিক কর্মকর্তা | |
| পি.এ. | |

কার্যার্থে/জ্ঞাতার্থে

স্বাক্ষর